



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়



বাকলিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম

Web Site: www.bgcc.edu.bd
E-mail-bgcchittagong@gmail.com
ফোন: ০৩১-৬৩৫৮৪৩



EIIN: 134595

তারিখ : ০৮/০৮/২০২১

বিজ্ঞপ্তি

কলেজের সকল শিক্ষার্থী, শিক্ষকমন্ডলী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গমাতা শেখ ফজিলাতুননেছা মুজিবসহ পরিবারের অন্যান্য সদস্যদের ৪৬ তম শাহাদত বার্ষিকী তথা জাতীয় শোক দিবস-২০২১ উদ্‌যাপন উপলক্ষে নিম্নোক্ত কর্মসূচী (ভার্চুয়াল) গ্রহণ করা হয়েছে-

- রচনা প্রতিযোগিতা : বঙ্গবন্ধুর স্বপ্ন ও আমাদের করণীয় (৮০০ শব্দ)
- “হামদ ও নাত” প্রতিযোগিতা ।
- কবিতা আবৃত্তি : ডাকিছে তোমারে- বেগম সুফিয়া কামাল (প্রথম ১৪ লাইন) ।
- কলেজ মসজিদে দোয়া মাহফিল (বাদ যোহর) ।
- শোক দিবসের আলোচনা (ভার্চুয়াল)
- বঙ্গবন্ধুর জীবনী ভিত্তিক চলচ্চিত্র “টুঙ্গীপাড়ার মিয়াভাই” প্রদর্শন ।

বিশেষ নির্দেশনা :

- রচনা সাদা কাগজে স্বহস্তে লিখে ছবি তুলে আগামী ১৩/০৮/২১ তারিখের মধ্যে amranul 81@gmail.com এই ঠিকানায় পাঠাতে হবে। ১ম পৃষ্ঠায় প্রতিযোগির নাম, শ্রেণি, বিভাগ, রোল নম্বর ও মোবাইল নম্বর অবশ্যই থাকতে হবে। সমস্যা হলে এমরান স্যার (০১৮১১-২২৬৭৩৯) এর সঙ্গে যোগাযোগ করতে হবে।
- “হামদ ও নাত” প্রতিযোগিতা আগামী ১৪/০৮/২০২১ তারিখ সকাল ১১.০০ টায় অনলাইনে অনুষ্ঠিত হবে। প্রতিযোগীদের কে zoom id- 320 306 6140 Password- 123456 তে join করে এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে হবে। কোন সমস্যা হলে কামাল স্যার (০১৮৩০-১০৫৯৯২) এর সঙ্গে যোগাযোগ করতে হবে।

- কবিতা আবৃত্তি প্রতিযোগিতা আগামী ১৪/০৮/২০২১ তারিখ সকাল ১১.০০ টায় অনলাইনে অনুষ্ঠিত হবে। প্রতিযোগীদের কে zoom id- 760 267 5661 Password- 123456 তে join করে এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে হবে। কোন সমস্যা হলে জয় প্রকাশ স্যার (০১৫৫৪-৩১৪৮৮৪) এর সঙ্গে যোগাযোগ করতে হবে।

উল্লেখ্য, কবিতাটি এখানে দেয়া হয়েছে।


ডাকিছে তোমারে
সুফিয়া কামাল

এই বাংলার আকাশ- বাতাস, সাগর- গিরি ও নদী
ডাকিছে তোমারে বঙ্গবন্ধু, ফিরিয়া আসিতে যদি
হেরিতে এখনও মানবহৃদয়ে তোমার আসন পাতা
এখনও মানুষ স্মরিছে তোমারে, মাতা- পিতা- বোন- ভ্রাতা।


যত অসহায় অক্ষম আর উপেক্ষিতরা সব
করণ নয়নে হেরিছে এ- দেশ বিলাসের উৎসব
শূন্য উদরে সুরম্য পথে চলিতে চলিতে তারা
ভাবিছে তোমারে এ-দেশে আবার আসিয়া বসিল কারা?

তোমার জীবন -যৌবন ভরি সুদীর্ঘ কারাবাস
মুক্ত করিল, স্বাধীন করিল মুক্তির নিঃশ্বাস
ত্যাজিয়া মানুষ বাংলার মাটি বাংলার এ- বাতাসে
তোমারই দেওয়া মুক্তির বাণী জীবনের আশ্বাসে
গাহিয়া উঠিল গান
তোমার বিহনে ব্যাহত হয়েছে লক্ষ মানব প্রাণ।

- চলচ্চিত্র “টুঙ্গীপাড়ার মিয়াভাই” কলেজের ফেসবুক পেইজে আপলোড করা আছে। সকলকে তা দেখার জন্য অনুরোধ করা হলো।
- আলোচনা (ভার্চুয়াল) ১৫/০৮/২০২১ তারিখ সকাল ১১.০০ টায় অনুষ্ঠিত হবে। (zoom id- 760 267 5661 Password- 123456)



প্রফেসর মোঃ জসীম উদ্দীন খান (২৮৩৮)
অধ্যক্ষ
বাকলিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম



মোঃ আবুল কাসেম (৮৮৮৬)
সহযোগী অধ্যাপক, ইংরেজি
ও
আহবায়ক
মুজিব শতবর্ষ উদযাপন কমিটি
বাকলিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম